

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৫৬

বিশালগড়, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

সিপাহীজলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ে মেগা রক্তদান শিবির

সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ে গত ২৪ ফেব্রুয়ারি মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস (দত্ত)। উদ্বোধকের ভাষণে তিনি রক্তদানের মতো মহৎ কাজে যুব সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান জানান। শিবিরে জেলার মোট ৫৮ জন রক্তদান করেন। শিবিরে স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবশীস দাস। শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. জ্যোতির্ময় দাস, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের স্বাস্থ্যকর্মীগণ এবং আশাকর্মীগণ।
